# Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 30 March, 2025

সৌদি আরবসব মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে পালিত হচ্ছে মুসলিমদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব ঈদুল ফিতর।আজ রবিবার ঈদ উদযাপিত হচ্ছে অবরুদ্ধ গাজা উপত্যকায়ও।যুদ্ধের বিভীষিকা ও ঈদ একসঙ্গেই চলছে এখানে।

২০২৩ সালের ৭ অক্টোবর থেকে গাজায় ইসরায়েলি আগ্রাসন চলছে।প্রায় দেড় বছর সময় ধরে ইসরায়েলিরা গাজায় হত্যাযজ্ঞ চালিয়ে যাচ্ছে। এই সময়ের মধ্যে গাজাবাসী দুটি ঈদ পালন করেছেন। সেই দিনগুলোতেও ইসরায়েলিরা গাজায় তাণ্ডব চালিয়েছে। এবারও সে রকমটাই হওয়ার আশঙ্কা।কারণ, অঞ্চলটিতে যুদ্ধবিরতির কোনো লক্ষণ এখনো পর্যন্ত দেখা যায়নি।

গতকাল শনিবারও ইসরায়েলি হামলায় কমপক্ষে আরও ২৬ ফিলিস্তিনি নিহত হয়েছেন। মোট মৃতের সংখ্যা বেড়ে ৫০ হাজার ২৭৭ জনে পৌঁছেছে। এ ছাড়া আরও ৭০ জন আহত হয়েছেন। এর ফলে সংঘাতের শুরু থেকে আহতের সংখ্যা বেড়ে ১ লাখ ১৪ হাজার ৯৫ জনে পৌঁছেছে।

এমন পরিস্থিতিতেও গাজাবাসী ঈদুল ফিতরের উদ্‌যাপনের প্রস্তুতি নিচ্ছেন। তুরস্কের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা আনাদোলু এজেন্সির প্রতিবেদনে বলা হয়েছে, অবরুদ্ধ গাজা উপত্যকার খান ইউনিসের একটি আশ্রয়কেন্দ্রে ফিলিস্তিনি নারীরা তাদের সন্তানদের মনোবল চাঙা করার আশায় ঐতিহ্যবাহী ঈদ কুকিজ কা’ক তৈরি করছেন।

গাজা সৌদি আরব ঈদুল ফিতর মুসলিম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:10

URL: https://www.timestodaybd.com/international/775807194